**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 17-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর চার বছর পূর্তি উপলক্ষে গতকাল সংবাদ মাধ্যমকে বলেছেন, রাজ্য সরকারের সব দপ্তর সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাচ্ছে। সরকারের মূল লক্ষ্য হচ্ছে উন্নয়ন। তিনি বলেন, স্বাস্থ্য ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে, মেডিকেল আসন বৃদ্ধি, নতুন পরিষেবা চালু ও কলেজ বৃদ্ধির ফলে বাইরে পড়তে যাওয়ার প্রবণতা কমেছে। তিনি জানান, স্বচ্ছতার সঙ্গে ২২ হাজারের বেশি চাকরি প্রদান করা হয়েছে এবং আগামী দিনে ১০০ শতাংশ উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ চালিয়ে যাবে বলে জানান মুখ্যমন্ত্রী ।

*********************

## CM-Data Centre :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার বাস্তবের সাথে তাল মিলিয়ে সংস্কারমূলক কাজ করে যাচ্ছে। গতকাল আগরতলার কুঞ্জবনস্থিত বিশ্বেশ্বরায় কমপ্লেক্সে পূর্ত দপ্তরের জলসম্পদ বিভাগের উদ্যোগে আয়োজিত স্টেট ডাটা সেন্টারের উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, স্টেট ডাটা সেন্টার স্থাপনের ফলে রাজ্যের কৃষি জমিতে জলসেচ ব্যবস্থার প্রসার ঘটবে এবং বন্যা নিয়ন্ত্রণেও ভূমিকা নেবে। ন্যাশনাল হাইড্রোলজি প্রজেক্টের আওতায় রাজ্যের এই স্টেট ডাটা সেন্টারটি গড়ে তুলতে প্রথম পর্যায়ে ব্যয়

করা হয়েছে  ৪ কোটি ৬৭ লক্ষ টাকা। দ্বিতীয় পর্যায়ে এই ডাটা সেন্টারের জন্য ব্যয় করা হবে ৪ কোটি ৫০ লক্ষ টাকা।

মুখ্যমন্ত্রী আরও বলেন, বিভিন্ন নদীর ভাঙ্গন রোধে ১৯৩টি বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের কাজ রূপায়ণ করা হবে। আগরতলা সহ গোমতী জেলার বিভিন্ন স্থানে বন্যার জল নিয়ন্ত্রণে রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নিয়ে কাজ করছে বলে জানান মুখ্যমন্ত্রী|

*******************

**PM-Netherlands :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নেদারল্যান্ড সফরকালে প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে ভাষণ দেন এবং নেদারল্যান্ডসের শীর্ষ ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে মিলিত হন। যেখানে হাজারো প্রবাসী ভারতীয় উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী শ্রী মোদি বলেন, সাম্প্রতিক ভারত-ইউরোপ মুক্ত বাণিজ্য চুক্তির প্রেক্ষিতে এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেমিকন্ডাক্টর, কৃত্রিম বুদ্ধিমত্তা, নবায়নযোগ্য শক্তি, সবুজ হাইড্রোজেন ও জল ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা আরও দৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই দশকটি বিশ্বের জন্য সংকটের দশকে পরিণত হচ্ছে৷ এখন মানবজাতি বহু গুরুতর চ্যালেঞ্জের সম্মুখীন। প্রথমে ছিল করোনা ভাইরাস, তারপর যুদ্ধ, আর এখন রয়েছে জ্বালানি সংকট।

*************************

**P.M in Euorpe :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিদেশ সফরের তৃতীয় পর্যায়ে সুইডেনের গথেনবার্গ পৌঁছাবেন, যা নতুন দিল্লি এবং স্টকহোমের মধ্যে গভীর সম্পর্কের একটি ঐতিহাসিক মাইলফলক হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। গত জানুয়ারিতে ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি (FTA) কার্যকর হওয়ার পর এটাই হচ্ছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রথম ইউরোপ মহাদেশ সফর ।

*********************

**Agniveer :**

রাজ্যে আগ্রহী যুবকদের সেনাবাহিনীতে যোগদানের জন্য প্রস্তুত করতে বিশেষ উদ্যোগ নিল ভারতীয় সেনাবাহিনী ।আগরতলার শালবাগানে গত ৪ মে থেকে গতকাল পর্যন্ত অগ্নিবীর প্রি-রিক্রুটমেন্ট ট্রেনিং প্রোগ্রাম-এর আয়োজন করে ভারতীয় সেনাবাহিনীর স্পিয়ার কর্পসের অধীন আলবার্ট এক্কা ব্রিগেড। গতকাল ভারতীয় সেনাবাহিনীর তরফে জানানো হয়, অগ্নিপথ প্রকল্পের আওতায় সেনাবাহিনীতে যোগ দিতে ইচ্ছুক ত্রিপুরার যুবকদের শারীরিক, মানসিক ও শিক্ষাগতভাবে প্রস্তুত করে তোলাই ছিল এই প্রশিক্ষণ কর্মসূচির মূল লক্ষ্য। সেনাবাহিনীর উদ্যোগে গড়ে তোলা 'অগ্নিবীর রিক্রুটমেন্ট অ্যান্ড ট্রেনিং সেল'-এ মোট ২৯ জন প্রশিক্ষণার্থী অংশ নেন। সেনাবাহিনীর নিয়মানুবর্তিতা ও মূল্যবোধের পরিবেশে তাদের নিবিড় প্রশিক্ষণ দেওয়া হয়। পাশাপাশি শারীরিক সক্ষমতা বৃদ্ধির জন্য দীর্ঘ দৌড়, বাধা অতিক্রমের অনুশীলন, ব্যায়ামের মাধ্যমে কঠোর প্রশিক্ষণ দেওয়া হয়।

*****************

**Narcotics :**

আসাম রাইফেলস ও ডিরেক্টরেট অফ রেভেনিউ ইন্টেলিজেন্স যৌথভাবে গোপন খবরের ভিত্তিতে তেলিয়ামুড়ার মুঙ্গিয়াকামী এলাকায় একটি মাহিন্দ্রা পিকআপ ভ্যানে তল্লাসি চালিয়ে ১ লক্ষ ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে। আসাম রাইফেলসের পক্ষ থেকে গতকাল এই সংবাদ জানিয়ে বলা হয়েছে এই ঘটনায় এক যুবককে আটক করা হয়েছে। উদ্ধার করা ইয়াবা ট্যাবলেট এর মূল্য ৮ কোটি টাকা বলে অনুমান করা হয়েছে।

*******************

**Measles-Meeting :**

উনকোটি জেলায় হামের প্রাদুর্ভাব অনেকটাই নিয়ন্ত্রণে এবং হাম প্রতিরোধে টিকাকরণ এর হারও যথেষ্ট সন্তোষজনক। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে গতকাল কৈলাশহরের ডি.এম. কনফারেন্স হলে হাম এর প্রাদুর্ভাব ঠেকাতে এবং এবিষয়ে টিকাকরণ এর অগ্রগতি নিয়ে আয়োজিত এক পর্যালোচনা বৈঠকে এই তথ্য জানানো হয় ।বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, অতিরিক্ত জেলাশাসক সাগর শোভন দেবনাথ, CMO ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা প্রতিষেধক আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য।

********************

**Women Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতা গতকাল থেকে পশ্চিম জেলার বিভিন্ন মাঠে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে দুটি খেলা হয়। নরসিংগড়ের টি.আই.টি. মাঠে অনুষ্ঠিত খেলায়

ব্লাডমাউথ ক্লাব ৮ উইকেটে কর্ণেল কোচিং সেন্টারকে এবং মোহনপুরের তালতলা মাঠে তরুণ সংঘ কোচিং সেন্টার ১০ উইকেটে জিবি প্লে সেন্টারকে পরাজিত করে। আসরে মোট ২২টি দল অংশ নিয়েছে।

*******************

**Football :**

ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ স্মৃতি অনূর্ধ্ব ২০ বছরের ফুটবলের জাতীয় প্রতিযোগিতায় ত্রিপুরা কোয়ার্টার ফাইনালে উঠেছে। গ্রুপের তৃতীয় তথা শেষ খেলায়ও রাজ্যদল জয়লাভ করে। গতকাল ত্রিপুরা ৩-১ গোলে সিকিমকে হারিয়ে দেয়।

******************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও বৃষ্টিপাতের সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বা দমকা হাওয়া বয়ে যেতে পারে। রাজ্যের উত্তর জেলা, উনকোটি, ধলাই, খোয়াই ও পশ্চিম ত্রিপুরা জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ ভারি বৃষ্টিপাতের সতর্কতা দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি পাতের পরিমাণ ছিল ৮.৯ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৯ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

*******************

*******************